R. N. No. 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
একবর্ণে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

মণীন্দ্র সাইকেল ষ্টোরস্
রঘুনাথগঞ্জ
হেড অফিস—সদরঘাট *
ব্রাঞ্চ—ফুলতলা
বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস, ক্রয়ের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

৬২শ বর্ষ
৮ম সংখ্যা

রঘুনাথগঞ্জ, ২৪শে আষাঢ়, বুধবার, ১৩৮২ সাল।
৯ই জুলাই. ১৯৭৫ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৬৲, সডাক ৭৲

## ধর্ম কখনই পরিবার নিয়ন্ত্রণের অন্তরায় হতে পারে না : স্বাস্থ্যমন্ত্রী

বিশেষ প্রতিনিধি, বহরমপুর, ৫ জুলাই—'পশ্চিম বাঙলার মা ও মাটি অত্যন্ত কোমল এবং এই কোমল প্রাণের একান্ত নিজস্ব ও গোপন জায়গায় কাজ করতে গেলে আমাদের হৃদয়বান হতে হবে, হতে হবে সহানুভূতিশীল। পরিবার নিয়ন্ত্রণের কাজ পৃথিবীর সব জায়গায় সহজ কিন্তু এই পশ্চিম বাঙলায় অত্যন্ত কঠিন।' আজ এখানে জাতীয় পরিবার কল্যাণ পরিকল্পনা কর্মসূচীর সভায় বি ডি ও, অঞ্চল প্রধান, অঞ্চল সেক্রেটারী, গ্রামাধ্যক্ষ, ডাক্তার, স্বাস্থ্য-কর্মী ও সাংবাদিকদের উপস্থিতিতে রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী অজিত পাঁজা এই মন্তব্য করেন। তিনি বলেন, 'ধর্ম কখনই পরিবার পরিকল্পনার অন্তরায় হতে পারে না। কেন না, হাজার হাজার শিশু অপুষ্টিতে ভুগুক, না খেয়ে মারা যাক, হাজার হাজার মা-বোন কষ্ট পাক, এটা কোন ধর্মগ্রন্থেই লেখা নাই। ধর্মের দোহাই দিয়ে কিছুতেই এই অবস্থাকে মেনে নেয়া যায় না। পরিবার পরিকল্পনায় গ্রামবাসীদের ভয় দেখানোর বিরুদ্ধে অঞ্চল প্রধান ও গ্রামাধ্যক্ষদের রুখে দাঁড়াতে হবে পরোক্ষভাবে আর প্রত্যক্ষভাবে উৎসাহিত করতে হবে তখনই যখন গ্রামবাসীরা অর্থনৈতিক উন্নয়নের আরজি নিয়ে তাঁদের কাছে আসবেন।'

এবার মুর্শিদাবাদ জেলায় ১১,০০০ ভ্যাসাকটমি, ৭,৫০০ টিউবেকটমি, ৭,২০০ লুপ ও ২৩,৮০০ রবার কনট্রা-কনসেপটিভ এর লক্ষ্যমাত্রা স্থির করা হয়েছে। এই লক্ষ্যমাত্রা পূরণের জন্য মহকুমা ও ব্লক পর্যায়ে গ্রাম পঞ্চায়েত, মহিলা সমিতি ও ক্লাব, সাংবাদিক ও সর্বস্তরের মানুষকে এগিয়ে আসার জন্য স্বাস্থ্যমন্ত্রী আবেদন জানান। তিনি জানান, এই কাজের অগ্রগতির জন্য সমস্ত স্তরের স্বাস্থ্যকর্মীদের নিয়ে একটি বহুমুখী কর্মপ্রকল্প গড়ে তোলা হবে। সকলকে উৎসাহিত করার জন্য পুরস্কার দান এবং ভ্যাসাকটমি ও টিউবেকটমির ক্ষেত্রে নগদ টাকার সঙ্গে একটি করে পশ্চিমবঙ্গ রাজ্য লটারীর টিকিট দেয়া হবে। প্রতিটি স্বাস্থ্যকর্মীর জন্য লক্ষ্যমাত্রা বেঁধে দেয়া হবে। এখন প্রতি কর্মীকে ৬০০০ পরিবার সামলাতে হয়। স্বাস্থ্যমন্ত্রী আরো বলেন, মানুষের মনকে তৈরী করার প্রস্তুতি নিয়ে পরিবার সীমিতকরণের দিকে এগিয়ে যেতে হবে। কারণ, শিশুর স্বাস্থ্যোজ্জ্বল মুখ ও প্রত্যেকের জন্য সমান খাদ্যোৎপাদনই বর্তমান সরকারের একমাত্র লক্ষ্য।

পরে জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের দপ্তরে এক সাংবাদিক বৈঠকে

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## বর্ষা নেমেছে চাষীর ভরসায় ছাই ঢেলে

বিশেষ প্রতিনিধি : পুরোদমে না হলেও প্রাথমিকভাবে বর্ষা শুরু হয়েছে দিন কয়েক থেকে। বর্ষা এসেছে অনেক দেরীতে, মাঠ-ঘাট জ্বালিয়ে, চাষীর ভরসায় ছাই ঢেলে। গেল দু'মাসের প্রচণ্ড দাবদাহে ভাদুই ধান, তিল, পাট, কচু জ্বলে গিয়েছে। চাষীদের পূজোর একমাত্র ভরসা ভাদুই ধান নষ্টের জন্য দায়ী খরা ও বন্যা দুই ই। ভাদ্র-আশ্বিন মাসে এই ধান ওঠে। চাষীরা ধার-দেনা শোধ করেন, পূজোর কাপড়-চোপড় কেনেন, ঈদের খরচ চালান এই ধান বেচে। কিন্তু ফরাক্কার জল ও দাবদাহের দোর্দণ্ড প্রতাপ এবার তাঁদের ভরসায় ছাই ঢেলে দিল।

অন্যান্য বছর এই সময় কচুর জন্য নাইট্রোজেন সার পেতে বেগ পেতে হয়, কালোবাজারের দ্বারস্থ হতে হয়। এবার জলের অভাবে কচুর যার-পর-নাই ক্ষতি হওয়ায় ওসব ঝামেলা পোহাতে হয়নি চাষীদের। নাইট্রোজেন সার ন্যায্য দামে অঢেল পাওয়া যাচ্ছে, কিন্তু খদ্দের নাই। কচুর বীজের দরও ৪০ টাকার জায়গায় মাত্র ৫ টাকা মণে নেমে এলেও কিনছেন না কেউ। এরপর থাকে পাট ও তিল, জলের অভাবে এ সবও জ্বলে গিয়েছে। খেটে খাওয়া মানুষরা দুর্দশায় দুর্দশায় দিশেহারা হয়ে পড়েছে। সাগরদীঘি, মির্জাপুর, ফরাক্কা, সূতী, রঘুনাথগঞ্জ ইত্যাদি জায়গা থেকে এ খবর পাওয়া গিয়েছে। ৩০ জুন সাগরদীঘিতে ২·৬০" বৃষ্টিপাত হয়েছে বলে জানা গিয়েছে। প্রসঙ্গতঃ উল্লেখ্য, এ বছর আমাদের জেলায় বৃষ্টির পরিমাণ মাত্র ৮৮ মিলিমিটার। সেখানে গত বছর জুন মাসে বৃষ্টির পরিমাণ ছিল ২৯১ মিলিমিটার।

## আর্তত্রাণে বিদেশী সংস্থা

রঘুনাথগঞ্জ, ৯ জুলাই—জেনেভার লুথারিয়ান বিশ্ব সারভিস সংস্থা জঙ্গিপুর মহকুমায় বন্যা ও পদ্মার ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত এলাকায় আর্তত্রাণের কাজ শুরু করেছেন। গত শুক্রবার এই সংস্থা রঘুনাথগঞ্জ দু'নম্বর ব্লকের সম্মতিনগর গ্রামে পদ্মা ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত মানুষদের সেবার উদ্দেশ্যে বিনামূল্যে খাবার বিতরণের জন্য ৩০টি কেন্দ্র স্থাপন করেন। প্রত্যেক কেন্দ্রে শিশু, প্রসূতি এবং সদ্যপ্রসবা মায়েদের খিচুড়ি, দুধ, ফিস পাউডার, ভিটামিন ট্যাবলেট ইত্যাদি দেওয়া হচ্ছে। সম্মতিনগর ছাড়াও সামসেরগঞ্জ, ফরাক্কা, সুতী দু'নম্বর ব্লকে আরও ২০টি কেন্দ্র খোলা হয়েছে। প্রতিদিন ১০ হাজার আর্ত মানুষের মধ্যে খাদ্য বিতরণ করা হচ্ছে। এই সংস্থা ৯০ জন স্থানীয় বেকারকে এখন পর্যন্ত চাকরি দিয়েছেন, আরও কয়েকটি এ ধরনের কেন্দ্র খোলার পরিকল্পনা গ্রহণ

( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

ফোন—অরঙ্গাবাদ—৩২

মৃণালিনী বিড়ি ম্যানুফ্যাকচারিং কোং (প্রাঃ) লিঃ

হেড অফিস—অরঙ্গাবাদ (মুর্শিদাবাদ)

রেজিঃ অফিস—২/এ, রামজী দাস জেঠীয়া লেন, কলিকাতা-৭

সবুজ বিপ্লবের শরিক হ'তে
রাসায়নিক সার ব্যবহার করুন
এফ, সি, আই-এর অনুমোদিত এজেন্ট
**ক্ষুদিরাম সাহা**
**চারুচন্দ্র সাহা**
জেনারেল মার্চ্চেন্টস্ এণ্ড
অর্ডার সাপ্লায়ার্স )
পোঃ ধুলিয়ান, ( মুর্শিদাবাদ )

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২৪শে আষাঢ় বুধবার, সন ১৩৮২ সাল।

অদ্ভুত আঁধার এক এসেছে এ-পৃথিবীতে
আজ,
যারা অন্ধ সবচেয়ে বেশি আজ চোখে
দ্যাখে তারা ;
যাদের হৃদয়ে কোনো প্রেম নেই—
প্রীতি নেই—করুণার আলোড়ন নেই
পৃথিবী অচল আজ তাদের সুপরামর্শ
ছাড়া।

—জীবনানন্দ দাস

# স্বাস্থ্যকেন্দ্রে দুর্নীতি-প্রবণতার বিরুদ্ধে জঙ্গিপুর সংবাদের অভিযোগ স্বাস্থ্যমন্ত্রীর সভায় স্বীকৃত

**সত্যনারায়ণ ভকত** : যে সব ভুয়াদর্শী সাংবাদিক তথা সংবাদপত্রকে মিথ্যাবাদী এবং উদ্দেশ্য-প্রণোদিত সংবাদ পরিবেশনের জন্য দায়ী করে থাকেন, তাঁদের উদ্দেশ্যে আমার বক্তব্য, ভিত্তিহীন চমক প্রকাশ কোন সংবাদ-পত্রের ধর্ম নয়। তার পবিত্র কর্তব্য হল সমাজের অন্ধকার দিককে আলোয় আনা, দুর্নীতির দিকে সরাসরি অঙ্গুলি নির্দেশ করা। আর জঙ্গিপুর সংবাদ কোন দল, গোষ্ঠী বা ব্যক্তিবিশেষের তোয়াক্কা না করে নির্ভীক ও নিরপেক্ষ-ভাবে তাই করেছে বলেই তার অভিযোগের সত্যতা বহরমপুরে অনুষ্ঠিত পারিবার কল্যাণ পরিকল্পনার সভায় কষ্টিপাথরে যাচাই হয়ে স্বীকৃতি লাভ করেছে। এর হকদার 'জঙ্গিপুর সংবাদ' ও 'জনমত' দুইই। কারণ জঙ্গিপুর সংবাদে প্রকাশিত সেই সমস্ত অভিযোগ জনমত পুনঃপ্রকাশ করে সাহায্য করেছে ব্যাপক প্রচারে। ফলে জেলার এক প্রান্ত থেকে অপর প্রান্তে অর্থাৎ ফরাক্কা থেকে জলঙ্গী পর্যন্ত স্বাস্থ্যকেন্দ্রে দুর্নীতি-প্রবণতার বিরুদ্ধে সতর্কবাণী ধ্বনিত-প্রতিধ্বনিত হয়েছে। স্বাস্থ্যকেন্দ্রে বঞ্চিত জনতার আশীর্বাদ বর্ষিত হয়েছে জঙ্গিপুর সংবাদের উপর, জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকের ধন্যবাদার্হ হয়েছে জনমত।

যাই হোক, আমরা অভিযোগ করেছিলাম, বিপত্নীক ও জরাগ্রস্ত বৃদ্ধদের কিভাবে টাকার লোভ দেখিয়ে অস্ত্রোপচারে প্রলুব্ধ করা হয়েছে। আমরা অভিযোগ করেছিলাম, ডাক্তারের গাফিলতিতে কিভাবে ভ্যাসাকটমি অপারেশন ব্যর্থ হয়েছে, কিভাবে স্বামী-স্ত্রীর মধ্যে স্ত্রীর গর্ভসঞ্চার নিয়ে সন্দেহ উঁকি মেরেছে, ভুল বোঝাবুঝির সৃষ্টি হয়েছে, স্ত্রী আত্মহত্যা করার চেষ্টা করেছে। আমরা অভিযোগ করেছিলাম, কিভাবে ডাক্তাররা ভ্যাসাকটমি, টিউবেকটমি ও অন্যান্য রোগীদের সাথে দুর্ব্যবহার করেছেন, কিভাবে ডাক্তাররা ডিউটি ফাঁকি দিয়ে 'কল'-এ যাচ্ছেন, বাসায় বসে প্র্যাকটিস করছেন, কিভাবে হাসপাতালে রোগীদের কাছ থেকে টাকা আদায় করা হচ্ছে, কিভাবে দুর্নীতি হাসপাতালের রন্ধ্রে রন্ধ্রে বাসা বাঁধছে, কিভাবে দুর্নীতি-প্রবণতা মাথা চাড়া দিচ্ছে। এ রকম এবং এ ছাড়াও স্বাস্থ্যকেন্দ্রের অনেক অভিযোগ আমরা করেছিলাম, যা পাঠকমাত্রেই অবগত আছেন।

আমাদের সমস্ত অভিযোগই ৫ জুলাই-এর সভায় স্বাস্থ্যমন্ত্রী অজিত পাঁজা, কৃষিমন্ত্রী আবদুস সাত্তার, এম এল এ বারি বিশ্বাস প্রমুখ—নির্দ্বিধায় স্বীকার করলেন। স্বাস্থ্যমন্ত্রী বল্লেন, দুর্নীতি প্রবণতার অভিযোগ নির্জলা খাঁটি। স্বাস্থ্যকেন্দ্রগুলির মাত্র ১০% লোকের দুর্নীতিতে বাকী ৯০% লোকের স্বাস্থ্য বিভাগটাই অ-স্বাস্থ্য বিভাগে পরিণত হয়েছে। সরকারও এই ১০% লোকের উপর নজর রাখছেন, খুঁজে বের করার চেষ্টা করছেন। এদের কোন ক্ষমা নাই। খবরের কাগজের অভিযোগ খতিয়ে দেখার জন্য 'প্রেস সেল' খোলা হয়েছে, এদের খুঁজে বের করার জন্য 'গোয়েন্দা বিভাগ' গঠন করা হয়েছে। এ ব্যাপারে সরকারকে সাহায্যের জন্য সাংবাদিক-দের সহযোগিতা তিনি কামনা করেন। সাংবাদিকরা হাসপাতাল থেকে ঘটনা-দুর্ঘটনার খবর সংগ্রহে অসুবিধার সম্মুখীন যাতে না হন, তার জন্য হাসপাতালগুলিকে প্রয়োজনীয় নির্দেশ পাঠাবেন বলে তিনি জানান।

জঙ্গিপুর মহকুমা হাসপাতালের যে দু'জন ডাক্তার বে-পরোয়া হয়েছেন, তাঁদের এক জনের উপর জনসাধারণের রোষের বহিঃপ্রকাশ ঘটেছে মাত্র। এঁদের উদ্দেশ্যে আমার নিবেদন, এখনও সময় আছে। আপনারা সংযত হন, আর্তদের সেবায় আত্ম-নিয়োগ করুন। সাংবাদিকদের নেহাতই ফ্যালনা মনে করবেন না। কেন না, 'আমি কি ডরাই সখা খবরের কাগজে' বলার দিন শেষ হয়ে গিয়েছে।

**মহকুমার সর্বত্র ভূমিকম্প** : নিজস্ব সংবাদদাতা, ৯ জুলাই—গতকাল সন্ধ্যায় মহকুমার সর্বত্র মৃদু থেকে তীব্র ভূ-কম্পন অনুভূত হয়। রঘুনাথগঞ্জ শহরে এর স্থায়িত্ব ছিল ৪৫ সেকেণ্ড। এই সময় অনেককে 'হরিবোল, হরিবোল' বলতে ও শাঁখ বাজাতে শোনা যায়।

## বন্যা পরিদর্শনে সেচমন্ত্রী

রাজ্যের সেচ ও বিদ্যুৎমন্ত্রী এ বি এ গণিখান চৌধুরী গত বুধবার জঙ্গিপুর মহকুমার বন্যা প্রপীড়িত এলাকাগুলি পরিদর্শন করেন। তিনি স্থানীয় নেতা ও বাস্তুকারদের সঙ্গে এক বৈঠকে মিলিত হয়ে আগামী দু'তিন মাসের মধ্যে বন্যার জল নিষ্কাশনের জন্য নালা প্রকল্প অনুমোদনের আশ্বাস দেন। মুর্শিদাবাদের জেলা শাসকও জলমগ্ন এলাকা পরিদর্শন করে আগামী রবি মরশুমের আগেই জল নিষ্কাশনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য রাজ্য সরকারকে অনুরোধ জানিয়েছেন। জেলা তথ্য দপ্তর সূত্রে এই খবর পাওয়া গিয়েছে। জঙ্গিপুর সংবাদের নিজস্ব সংবাদদাতা জানিয়েছেন, রঘুনাথগঞ্জ এক নম্বর ব্লক কংগ্রেসের পক্ষ থেকে এ ব্যাপারে একটি দাবি সনদ মহকুমা শাসক সমীপে পেশ করা হয়েছে। সম্প্রতি বহরমপুর সারকিট হাউসে কৃষিমন্ত্রী, জেলা শাসক ও জঙ্গিপুরের সংসদ সদস্য এক বৈঠকে মিলিত হয়ে বন্যা পরিস্থিতি পর্যালোচনা করেন। গত সপ্তাহে জঙ্গিপুর সংবাদে প্রকাশিত বন্যাপ্লাবিত এলাকাগুলি ছাড়াও কানুপুর, খিদিরপুর, আলমপুর, জেহেলিনগর ও মিরেরগ্রাম থেকে ভয়াবহ বন্যার খবর এসেছে।

## উৎপাদন হ্রাস-বৃদ্ধির সংজ্ঞা

বিশেষ প্রতিনিধি : 'আমি কৃষিমন্ত্রী, আমার কাজ উৎপাদন বাড়ানো। অজিত পাঁজা স্বাস্থ্যমন্ত্রী, তাঁর কাজ উৎপাদন কমানো। অর্থাৎ আমাকে খাদ্যোৎপাদন বাড়াতে হবে, আর তাঁকে মানুষের উৎপাদন কমাতে হবে। তাই কৃষির সঙ্গে স্বাস্থ্য অঙ্গাঙ্গিভাবে জড়িত। আমাদের দেশে ৭০% লোক দারিদ্র্যসীমার নীচে বাস করে। আমি যতই উৎপাদন বাড়াই না কেন, স্বাস্থ্য-মন্ত্রী মানুষের উৎপাদন কমাতে না পারলে কোন ফলই ফলবে না। আমার উৎপাদন প্রান্তিক সীমায় গিয়ে থেমে যাবে, স্বাস্থ্যমন্ত্রীকে তখনই পরিবার নিয়ন্ত্রণের কাজ শুরু করতে হবে। সে কারণেই পরিবার কল্যাণ পরিকল্পনা অপরিহার্য।' ৫ জুলাই বহরমপুরে ডাঃ বিমল সিংহের হলে অনুষ্ঠিত পরিবার কল্যাণ পরিকল্পনার সভায় রাজ্যের কৃষিমন্ত্রী এই ব্যাখ্যা করেন। তিনি টাকার বিনিময়ে পরিবার নিয়ন্ত্রণ কর্মসূচীর সমালোচনা করেন।

## স্বেচ্ছা শ্রমে সড়ক নির্মাণ

সাগরদীঘি, ৪ জুলাই—এই ব্লকের ডাংরাইল থেকে পানীয়া পর্যন্ত গ্রামবাসীদের স্বেচ্ছা-শ্রমে নির্মিত দেড় কিলোমিটার একটি গেঁয়ো মেঠো রাস্তার উদ্বোধন করেন মুর্শিদাবাদের অতিরিক্ত জেলা শাসক গতকাল বিকেলে। প্রায় এক হাজার গ্রামবাসী, কৃষক, ছাত্র ও বেকার যুবকের শ্রমদান ও ঐকান্তিক প্রচেষ্টায় এই সড়কটি নির্মাণের কাজ শেষ হয়। ২১ জন গ্রামবাসী সড়কের জন্য নিজেদের জমি উৎসর্গ করেন। সড়কটি নির্মাণের ফলে ৬টি গ্রামের প্রায় ১০ হাজার লোক উপকৃত হলেন। যাঁরা এই সেবামূলক কাজে আত্মনিয়োগ করেন, গতকালের উদ্বোধনী সভায় তাঁদের ধন্যবাদ জানানো হয়। স্বাধীনতা লাভের পর এই এলাকায় কোন সড়ক ছিল না এবং সরকারীভাবে কোনরকম উদ্যোগও নেওয়া হয়নি। এমন কি সড়কটি নির্মাণের সময় এক কানাকড়ি সাহায্য ও গ্রামবাসীদের দেওয়া হয়নি। গতকালই এই ব্লকের সাগুরাইলে গৃহহীনে গৃহদান প্রকল্পে নির্মিত ৩১টি বাড়ির আনুষ্ঠানিক উদ্বোধনের কথা ছিল। কিন্তু বৃষ্টির ও যোগাযোগের অসুবিধার জন্য তা আর সম্ভব হয়নি। অবশ্য ৩১টি ভূমিহীন পরিবারকে ওই গ্রামে ৩১টি বাড়ীর মালিকানা দেওয়া হয়েছে।

## অচল বাঙলা

বিশেষ প্রতিনিধি, ৫ জুলাই—এখন থেকে পরিবার পরিকল্পনার ক্ষেত্রে 'নির্বীর্যকরণ' ও 'বন্ধ্যাকরণ' শব্দ দুটি আর চলবে না। কারণ শব্দ দুটি অত্যন্ত বাজে। 'নির্বীর্যকরণ' শব্দটি ভুল ধারণার সৃষ্টি করে পুরুষদের মনে, আর 'বন্ধ্যাকরণ' শব্দটি নারীদের মনে। তাছাড়া গ্রামবাঙলায় 'বন্ধ্যা' শব্দটি 'কু' লক্ষণের প্রতীক। 'ভ্যাসাকটমি' ও 'টিউবেকটমি'র ভালো বাঙলা না পাওয়া পর্যন্ত স্বাস্থ্যকেন্দ্রের দেয়ালে, পুস্তিকায়, প্রচার ও প্রাচীরপত্রে, বিজ্ঞপ্তিতে—সর্বত্র ইংরেজী শব্দ দুটি ব্যবহারের নির্দেশ দেয়া হচ্ছে। এখন পর্যন্ত পত্রিকা সম্পাদক ও বিজ্ঞ ব্যক্তিদের কাছ থেকে ৩০০ চিঠি পাওয়া গেছে, তার থেকে ভালো বাঙলা বেছে ব্যবহার করা হবে। আজ বহরমপুরে ডাঃ বিমল সিংহের হলে আয়োজিত পরিবার কল্যাণ পরিকল্পনার সভায় এই কথা বলেন রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী অজিত পাঁজা।

## নিয়তির ডাকে

নিজস্ব সংবাদদাতা, ধুলিয়ান—আমাদের দৈনন্দিন জীবনযাত্রার একটা প্রবাদ বাক্য প্রচলিত আছে যে নিয়তির কাছে কারুর হাত নেই। নিয়তি যখন ডাকে, মরণ তখন অনিবার্য হয়ে ওঠে। এই নিষ্ঠুর সত্য সকলকেই মেনে চলতে হয়। ঠিক এই জাতীয় একটা ঘটনা ঘটে গেল ধুলিয়ান গঙ্গা ও সাঁকোপাড়া রেল ষ্টেশনের মাঝামাঝি জায়গায়। মহম্মদ নিজামুদ্দিন সেখ, ছাব্বিশের বলিষ্ঠ তরুণ, সাইকেলে সন্ধ্যেবেলায় রেল লাইনের পাশ দিয়ে আসছিলেন। জল-বৃষ্টির দরুণ রাস্তায় কাদা হয়েছিলো। হঠাৎ কি যেন একটা কামড়ে দেয় তাঁর ডান পায়ের গোড়ালিতে। পাশের গ্রামবাসীরা ভোরবেলায় নিজামুদ্দিন সেখকে মৃত অবস্থায় উদ্ধার করেন রেল লাইনের ধার থেকে। পাশেই দেখা যায় বিরাট এক চন্দ্রবোড়া সাপের খণ্ডিত দেহ। গ্রামবাসীদের ধারণা, বিকেলের গয়া প্যাসেনজার ট্রেনে সাপটি কাটা পড়ে এবং সেটিই সন্ধ্যেবেলায় নিজামুদ্দিন সেখকে রাগতঃ অবস্থায় দংশন করে। যার ফলে তাঁর মৃত্যু হয়।

## সিনেমা হলে ধূমপানরত ৩১ জন দর্শক গ্রেপ্তার

জেলা তথ্য দপ্তরের খবরে প্রকাশ, সিনেমা হলে ধূমপান দণ্ডনীয় অপরাধ। কিন্তু বেশ কিছুদিন থেকে সিনেমা হলের ভেতর ধূমপানের প্রবণতা লক্ষ্য করে মুর্শিদাবাদের পুলিশ বিভাগ সিনেমা হলের মধ্যে ধূমপান বন্ধ করতে জেলাব্যাপী জোর তৎপরতা শুরু করেছেন। ৭ জুলাই বহরমপুরের সিনেমা হলগুলি থেকে ধূমপানরত ৩১ জন দর্শককে পুলিশ গ্রেপ্তার করেছে। এ খবর মুর্শিদাবাদের জেলা শাসক মহোদয় দিয়েছেন। জঙ্গিপুর সংবাদের নিজস্ব সংবাদদাতার খবর, একই অপরাধে ধৃত রঘুনাথগঞ্জের আরও দু'জন যুবককে ১৫ টাকা জরিমানা করা হয়েছে।

## এবারও প্রথম শ্যামাদাসী

ভারত সরকার পরিচালিত শ্রীনগর শিক্ষণ শিবিরে ২১ দিনের অনুশীলন শেষে আবার প্রথম স্থান অধিকার করে মির্জাপুরের শ্যামাদাসী ঘোষ প্রচুর পুরস্কার নিয়ে বাড়ী ফিরে এলো। এখন শ্যামাদাসী তার ষাণ্মাসিক পরীক্ষা নিয়ে চিন্তিত।

## জেলা তথ্য দপ্তরের খবর

পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও জনসংযোগ বিভাগের উদ্যোগে অনুষ্ঠিত ১০ দিনব্যাপী মুর্শিদাবাদ জেলা যাত্রা প্রতিযোগিতায় জেলার মোট দশটি যাত্রাদল যোগদান করে। বিচারকমণ্ডলীর বিচারে দলগত অভিনয়ে জিয়াগঞ্জের বালুচর ভারতী নাট্য সমাজ কর্তৃক অভিনীত 'একটি পয়সা দাও' প্রথম স্থান অধিকার করে। দ্বিতীয় স্থান অধিকার করে যুগ্মভাবে জিৎপুর মহাকালী নাট্য সমাজ কর্তৃক অভিনীত 'নন্দরাণীর সংসার' এবং নূতন বাজার মিলনবীথি কর্তৃক অভিনীত 'একটি পয়সা'। নিমাই ঘোষ লালবাগ গোপীনাথ অপেরা কর্তৃক অভিনীত 'বিদ্রোহী সন্তান' পরিচালনার জন্য শ্রেষ্ঠ পরিচালক নির্বাচিত হন। ব্যক্তিগত অভিনয়ে শ্রেষ্ঠ অভিনেতা বিবেচিত হন লালবাগ গোপীনাথ অপেরার বঙ্কিম মণ্ডল ( বিদ্রোহী সন্তান ), শ্রেষ্ঠ সহ-অভিনেতা জিয়াগঞ্জ বালুচর ভারতী নাট্য সমাজের প্রিয়নাথ রায় ( একটি পয়সা দাও ), শ্রেষ্ঠ অভিনেত্রী বালুচর ভারতী নাট্য সমাজের সন্ধ্যা রায় ( একটি পয়সা দাও ), শ্রেষ্ঠ সহ-অভিনেত্রী খাগড়া তরুণ নাট্য সংঘের মীরা দাস ( অরুণ, বরুণ, কিরণমালা ) ও লালগোলা নটরাজ নাট্য সংঘের সন্ধ্যা সরকার ( পদধ্বনি ), শ্রেষ্ঠ কৌতুক অভিনেতা জিৎপুর মহাকালী নাট্য সমাজের মদন পাল ( নন্দরাণীর সংসার ), শ্রেষ্ঠ শিশু অভিনেতা নূতন বাজার মিলনবীথি নাট্য সংস্থার গৌতম ব্যানারজি ( একটি পয়সা ), শ্রেষ্ঠ গায়ক মিলনবীথি নাট্য সংস্থার ভবেন বিশ্বাস ( একটি পয়সা ) এবং শ্রেষ্ঠ নৃত্যশিল্পী লালবাগ গোপীনাথ অপেরার মেঘনাথ মল্লিক ( বিদ্রোহী সন্তান )।


**আপনার জমি চাষ কি সমস্যা ?**

একই জমি থেকে একাধিকবার ফসল তুলতে খরা ও বর্ষায় স্ব-নির্ভর চাষের জন্য ট্রাকটর দিয়ে চাষ করুন। এতে পয়সা ও সময় দুয়েরই সাশ্রয় হবে।

ট্রাকটর, পাম্পসেট ভাড়া ও বিভিন্ন সারের জন্য যোগাযোগ করুন। আপনাদের সেবায় নিয়োজিত।

**অজয় এগ্রো সার্ভিস সেণ্টার**

মির্জাপুর, পোঃ গনকর ( মুর্শিদাবাদ )



**কর্মপ্রার্থী**

বি-কম পাস, বেকার যুবক। স্কুল ফাইন্যাল পর্যন্ত ভাই-বোনদের যত্নসহকারে পড়াতে চাই। অনুগ্রহপূর্ব্বক লিখুন।

রঘুনাথ দাস
গ্রাম + পোঃ আহিরণ
জেলা মুর্শিদাবাদ



**বাড়ী বিক্রয়**

জঙ্গিপুর পৌরসভার ৪নং ওয়ার্ডে সার্ব্বজনীতলার দক্ষিণে অর্থাৎ পৌরসভা অফিসের উত্তর দিকে ১৬০ কাঠা জমির উপর একটি দ্বিতল বাড়ী বিক্রয় আছে। যোগাযোগ করুন।

মানিকলাল চ্যাটার্জী ( সাগর )
রঘুনাথগঞ্জ ফাঁসিতলা



**শিক্ষক চাই**

ডেপুটেশন্ ভ্যাকান্সিতে একজন ট্রেণ্ড বি-এস-সি শিক্ষক চাই। সাত দিনের মধ্যে আবেদন করুন।

সম্পাদক,
চাঁচণ্ডা বি, জে হাই স্কুল
পোঃ লোহরপুর
মুর্শিদাবাদ



সকল প্রকার
ঔষধের জন্য

**নির্ণয় ও নিরাময়**

রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ



**বিড়ির সেরা**

অমর স্পেশ্যাল বিড়ি, মন্দির মার্কা বিড়ি

**মুর্শিদাবাদ**
**বিড়ি ফ্যাক্টরী**

ধুলিয়ান : মুর্শিদাবাদ



খেতে ভাল ফোন—২৩

★মুক্তা বিড়ি ★ নুরুল বিড়ি
★রেখা বিড়ি

**ময়না বিড়ি ওয়ার্কস্**

ধুলিয়ান, মুর্শিদাবাদ
ট্রানজিট গোডাউন
ডালকোলা ( ফোন—৩৫ )

## নতুন কায়দায় রেলগাড়ীতে ছিনতাই, ধৃত-১

রঘুনাথগঞ্জ, ৮ জুলাই—এই শহরের একজন কাপড় ব্যবসায়ী রেল ছিনতাইকারীদের পাল্লায় পড়ে সর্বস্ব খুইয়ে এ যাত্রা প্রাণে বেঁচে যান। প্রকাশ, কয়েকদিন আগে ব্যবসায়ীটি কাটোয়া থেকে ৩ গাঁট কাপড় কিনে সাহেবগঞ্জ লোকালে রঘুনাথগঞ্জ ফেরার পথে ৩ জন রেল দুর্বৃত্ত অযাচিতভাবে তাঁর সঙ্গে আলাপ করে। আলাপ জমে উঠলে তারা নবদ্বীপ ষ্টেশনে তাঁকে কিছু মিষ্টি কিনে খাওয়ায়। মিষ্টি খাওয়ার পর কিছুক্ষণের মধ্যেই তিনি জ্ঞান হারান। আর সেই ফাঁকে দুর্বৃত্তেরা তাঁর কাপড়ের গাঁটগুলি নিয়ে সরে পড়ে। তাঁকে ধুলিয়ান গঙ্গা ষ্টেশনে ট্রেনের কামরার ল্যাভটারী থেকে সংজ্ঞাহীন অবস্থায় উদ্ধার করে জঙ্গিপুর মহকুমা হাসপাতালে পাঠিয়ে দেওয়া হয়। জানা যায়, মিষ্টির সঙ্গে ধুতুরার বীজ মেশানো থাকায় তিনি অজ্ঞান হয়ে যান। ওই দিনই রাত্রি আটটা নাগাদ জঙ্গিপুর রোড রেল ষ্টেশনে ৩ জন লোককে কাপড় ভাগ করতে দেখে কয়েকজনের সন্দেহ হয়। প্রহরারত হোমগারডরা তাঁদের সেই সন্দেহের কথা জানতে পেরে দুর্বৃত্তদের ধরতে যায়। দু'জন চম্পট দেয়, একজন ধরা পড়ে। সে এখন রেল পুলিশের হেফাজতে। রঘুনাথগঞ্জের এই ব্যবসায়ীটির নাম মৃণালকান্তি প্রামাণিক।

---

## শোক-সংবাদ

রঘুনাথগঞ্জ এক নম্বর ব্লকের জরুর গ্রামের বিখ্যাত রায় পরিবারের অশ্বিনীকুমার রায় (খুদুবাবু) ৮৩ বছর বয়সে গত ৪ জুলাই তাঁর বাস-ভবনে পরলোকগমন করেছেন। অতিথিপরায়ণ অশ্বিনীবাবু বহু জন-হিতকর কাজের সঙ্গে পরোক্ষভাবে যুক্ত ছিলেন। মৃত্যুকালে তিনি ৬ পুত্র ও ৪ কন্যা রেখে গিয়েছেন। আমরা তাঁর আত্মার চিরশান্তি কামনা করছি।

---

## ট্রাক-প্রাইভেট কার সংঘর্ষে ২ জন নিহত

সাগরদীঘি, ৯ জুলাই—সম্প্রতি ৩৪নং জাতীয় সড়কে বোখারার মোড়ে একটি প্রাইভেট কারের সঙ্গে একটি ট্রাকের মুখোমুখি সংঘর্ষে প্রাইভেট কারের চালকসহ দু'জন ঘটনাস্থলে নিহত হয়েছেন। প্রাইভেট কারটি বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে।

**ঘোড়ার গাড়ী চাপায় নিহত :** গত বুধবার রঘুনাথগঞ্জ থানার দ্বীপচর গ্রামে ঘোড়ার গাড়ী চাপা পড়ে ছেদন মণ্ডল (৫) নামে এক বালক বেঘোরে প্রাণ হারিয়েছে বলে খবর পাওয়া গিয়েছে।

**ট্রাকচালক ধৃত :** সামসেরগঞ্জ থানা এলাকায় জাতীয় সড়কে একটি মেয়েকে চাপা দিয়ে পালিয়ে আসার সময় রঘুনাথগঞ্জ পুলিশ সম্প্রতি উমরপুর মোড়ে একটি চলন্ত ট্রাক থামিয়ে চালক ও ক্লিনারকে গ্রেপ্তার করেছে। ট্রাক চাপা পড়ে মেয়েটি ঘটনাস্থলেই মারা যায় বলে প্রকাশ।

**অনাহারে মৃত্যু :** ধুলিয়ান, ৯ জুলাই—আজ সামসেরগঞ্জ ব্লক অফিসের সামনে ৫০ বৎসর বয়স্ক জনৈক বৃদ্ধের মৃতদেহ পড়ে থাকতে দেখা যায়। খবর নিয়ে জানা যায় যে, বেশ কয়েকদিন অনাহারের ফলেই নাকি তার মৃত্যু হয়।

### ধর্ম কখনই পরিবার নিয়ন্ত্রণের অন্তরায় হতে পারে না

( ১ম পৃষ্ঠার পর )


স্বাস্থ্যমন্ত্রী জানান, জল সরবরাহ প্রকল্পে ধুলিয়ানে ৭,৫৯,০০০ টাকাসহ লালবাগ মহকুমা হাসপাতালে ৩,৩২,৬০০ টাকা, মুর্শিদাবাদে ১৩,৯৪,০০০ টাকা, কান্দীতে ১৩,১৮,৮০০ টাকা, বেলডাঙ্গায় ১৬,০১,৯০০ টাকা, নওদা ব্লকের চাঁদপুরে ১১,৫৩,৪০০ টাকা, লালগোলায় ১৮,৫১,৬০০ টাকা ও খড়গ্রামে দশ লাখ টাকার ব্যয়-বরাদ্দ মঞ্জুর করা হয়েছে। এ ছাড়াও বহরমপুর নিউ জেনারেল হাসপাতালের ড্রেনেজের জন্য ২,২১,০০০ টাকার একটি প্রকল্প সরকারের অনুমোদন লাভ করেছে।

### আর্তত্রাণে বিদেশী সংস্থা

( ১ম পৃষ্ঠার পর )

করেছেন এবং সাগরদীঘিতে দু'শতক জমির ওপর কয়েকটি বাড়ী তৈরীর জন্য পরিবার পিছু ৩৫০ টাকা দানের সিদ্ধান্ত নিয়েছেন। সম্মতিনগর কেন্দ্রের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা শাসক রথীন দে, বিধানসভার সদস্য হাবিবুর রহমান প্রমুখ। জেলা তথ্য দপ্তর জানিয়েছেন, রাজ্য সরকার ভাঙ্গনে ক্ষতিগ্রস্ত মানুষদের যে পরিমাণ সাহায্য করতে পারতেন, তা না করার জন্য সরকারের সমালোচনা করেন বিধানসভা সদস্য হাবিবুর রহমান।

থিন এ্যারারুট ★ ডাইজেসটিভ ★ সবার জন্যই ব্রিটানিয়া
বামাপদ চন্দ্র এ্যাণ্ড সনস্
ব্রিটানিয়া বিস্কুট কোম্পানীর জঙ্গিপুর মহকুমার একমাত্র পরিবেশক।
রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ
ফোন : ২৬




রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।

ফোন—অরঙ্গাবাদ-৪৭
—ধূমপানে পরিতৃপ্ত হোন—
★ ৫৬৯নং নারায়ণ বিড়ি ★ ৫০৫নং পাঁচকড়ি বিড়ি ★ ১নং প্রভাত বিড়ি
বান্ধব বিড়ি ফ্যাক্টরী (প্রাঃ) লিঃ
পোঃ অরঙ্গাবাদ (মুর্শিদাবাদ)